দূরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৭৭/২০২৫ — তারিখঃ ০৪/১১/২০২৫ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম এর নথি নং-১৮.১৩.০০০০.১৩২.০৫.০১৩.২১/১২৭৫(ক), তারিখঃ ৩০/১০/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

দেবাশীষ চৌধুরী
সহকারী সচিব

---

## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
### পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর

**বিষয় ঃ** বন্দর অভ্যন্তরে অনচেসিস ডেলিভারী কার্যক্রম সহজীকরণ, গেইট পাস ইস্যু ও যানবাহনের প্রবেশ/বাহির TOS (Terminal Operating System) এর আওতায় অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করার সময় সৃষ্ট বিভিন্ন জটিলতা সম্পর্কে আলোচনা এবং তা চূড়ান্তভাবে নিরসনের লক্ষ্যে কর্মপন্থা নির্ধারনের জন্য গত ২৯/১০/২০২৫ তারিখ বিকাল ১৬:৩০ ঘটিকায় পরিচালক (নিরাপত্তা)/চবক এর সভাপতিত্বে পরিচালক(নিরাপত্তা) এর কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | লেঃ কর্ণেল জহিরুল ইসলাম, পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম। |
| সভার স্থানঃ | ঃ | পরিচালক (নিরাপত্তা) এর কনফারেন্স কক্ষ |
| সভার তারিখ | ঃ | ২৯/১০/২০২৫ |
| সভার সময় | ঃ | বিকাল ১৬.৩০ ঘটিকা |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' |

১। সভার শুরুতেই পরিচালক (নিরাপত্তা) মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিচয় পর্ব শেষ করে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, চট্টগ্রাম বন্দরের সকল গেইটে ইতোমধ্যে গেইট পাস ইস্যু ও যানবাহনের প্রবেশ/বাহির কার্যক্রম TOS (Terminal Operating System) এর আওতায় অনলাইন পদ্ধতিতে চলমান রয়েছে। এছাড়াও অতিসম্প্রতি প্রাইমমুভার ব্যবহার করে অনচেসিস ডেলিভারী নিতে আসা যানবাহন সমূহের প্রবেশ বাহির কার্যক্রম TOS এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। এ বিষয়টিকে আরো সহজ ও নিরাপদ করতে পরিচালক মহোদয় সকলের সুচিন্তিত মতামত আহ্বান করেন। অত:পর উপস্থিত প্রতিনিধিগণ এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং দীর্ঘসময় আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | প্রস্তাবনা | সিদ্ধান্তসমূহ | কার্যক্রম বাস্তবায়নকারী দপ্তর/বিভাগ/সংস্থা |
|---|---|---|---|
| ১। | বন্দর অভ্যন্তরে অনচেসিস ডেলিভারী কার্যক্রম সহজীকরণ, গেইট পাস ইস্যু ও যানবাহনের প্রবেশ/বাহির TOS (Terminal Operating System) এর আওতায় অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করণ। | ক) অনচেসিস ডেলিভারী নেয়ার পূর্বে সিএন্ডএফ এজেন্ট এর পক্ষ থেকে নির্দিষ্ট দিনের পূর্বেই কন্টেইনার নম্বরের বিপরীতে এ্যাসাইনকৃত গাড়ী নম্বর উল্লেখপূর্বক আবেদন করতে হবে।<br>খ) উক্ত আবেদন পরিবহন বিভাগ যাচাই বাছাইয়ের পর নিরাপত্তা বিভাগের এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নিরাপত্তা কর্মকর্তা সিসিটি/এনসিটি এর নিকট (TOS) এর মাধ্যমে অনলাইনে প্রেরণ করবে এবং তিনি তদানুযায়ী গেইট এ্যাসাইনের কার্যক্রম সম্পন্ন করবেন।<br>গ) যানবাহনের ত্রুটি বা অনিবার্য কারণবশতঃ যানবাহন পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিএন্ডএফ পুনরায় পরিবহন বিভাগের সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করে অনুমোদন গ্রহণ করতে পারবে।<br>ঘ) পরিবহন বিভাগ কর্তৃক অনুমোদিত ও এ্যাসাইনমেন্ট এ উল্লেখকৃত কন্টেইনারের বিপরীতে নির্ধারিত যানবাহন নম্বর ব্যতীত কোন অবস্থাতেই অন্য কোন নম্বর ব্যবহার করে পাস কাটা যাবে না। এ ধরনের ঘটনা সংঘটিত হলে TOS দায়ী থাকবে।<br>ঙ) TOS এর পক্ষ থেকে গেইটগুলোতে গেইট সার্জেন্টদের অনচেসিস ডেলিভারীর তথ্য জানার জন্য, উক্ত গেইটে এ্যাসাইনকৃত যানবাহন ও কন্টেইনার এর বিস্তারিত দেখার জন্য একটি ইন্টারফেস প্রদান করবে।<br>চ) পরিবহন বিভাগের অনুমতি/পারমিশন যাচাই করার জন্য বন্দরের সকল ডেলিভারী গেইট (গেইট নং- ১,২,৩,৪,৫, সিপিএআর, এনসিওয়াই, সিসিটি-২, সিসিটি-৩, এনসিটি-১, এনসিটি-২, এনসিটি-৪ এবং ওভার ফ্লো) এ পরিবহন কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ও সীলযুক্ত মূল কপি পরিবহন বিভাগ কর্তৃক নিরাপত্তা বিভাগকে সরবরাহ করতে হবে। নিরাপত্তা বিভাগ কর্তৃক যা সকল গেইটে সরবরাহ করা হবে। | ক) পরিবহন বিভাগ।<br>খ) নিরাপত্তা বিভাগ।<br>গ) বিদ্যুৎ বিভাগ।<br>ঘ) DataSoft.<br>ঙ) বায়োমেট্রিক্স বিডি।<br>চ) সকল অফ ডক প্রতিষ্ঠানসমূহ।<br>ছ) সকল বার্থ/টার্মিনাল অপারেটর।<br>জ) সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন। |

দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

| | | | |
|---|---|---|---|
| ২। | TOS ব্যবহার করে নতুন পাস সংগ্রহ এর ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলী | ক) ২৪ ঘন্টার অতিরিক্ত সময়ে অবস্থানকারী যানবাহন সমূহের পাস HHT দিয়ে ডি-অ্যাক্টিভ করে নতুন পাস সংগ্রহ করতে হবে এবং HHT এর মাধ্যমে পুনরায় অ্যাক্টিভ করা যাবে। এক্ষেত্রে Allready Gate in এর পরিবর্তে Invalid লেখা থাকতে হবে।<br>খ) একটি যানবাহন এবং তার চালক বন্দর অভ্যন্তর থেকে নিয়মানুযায়ী বাহির না হওয়া পর্যন্ত উক্ত যানবাহন কিংবা চালক যেন কোন অবস্থাতেই নতুন পাস সংগ্রহ করতে না পারে সে বিষয়টি নিশ্চিত করতে হবে। | ক) পরিবহন বিভাগ।<br>খ) নিরাপত্তা বিভাগ।<br>গ) বিদ্যুৎ বিভাগ।<br>ঘ) DataSoft.<br>ঙ) বায়েমেট্রিক্স বিডি।<br>চ) সকল বার্থ/টার্মিনাল অপারেটর। |
| ৩। | TOS সর্ম্পকিত বিবিধ আলোচনা | ক) বিভিন্ন ধরনের যানবাহন যেমন-ট্রাক, কাভার্ডভ্যান, ট্রেইলার ইত্যাদির ক্ষেত্রে ইস্যুকৃত পাসগুলি আলাদাভাবে সহজেই সনাক্তকরণের জন্য যানবাহন ভিত্তিক আলাদা পাস এর ইন্টারফেস প্রদান করা।<br>খ) চালকের অজান্তে সিস্টেমে উক্ত চালকের বিপরীতে হেলপার সংযুক্ত করার মতো অভিযোগ উত্থাপিত হলে এবং তা প্রমানিত হলে পাস ইস্যুর ক্ষেত্রে ব্যবহৃত মোবাইল নম্বরটি স্থায়ীভাবে TOS সিস্টেম থেকে ব্লক করে দেয়াসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>গ) TOS সংক্রান্ত বিভিন্ন সমস্যাবলী ২৪/৭ সমাধান করার লক্ষ্যে TOS প্রয়োজনীয় প্রতিনিধি নিয়োগ করবে।<br>ঘ) গেইটগুলোতে গেইট পাস স্ক্যান করার জন্য উন্নতমানের স্ক্যানার ও প্রয়োজনীয় দ্রুতগতিসম্পন্ন ইন্টারনেট সংযোগ প্রদান করতে হবে। | ক) নিরাপত্তা বিভাগ।<br>খ) বিদ্যুৎ বিভাগ।<br>গ) DataSoft.<br>ঘ) বায়োমেট্রিক বিডি। |
| ৪। | বিবিধ রকমের পাস | ক) খাদ্য, রসদ সরবরাহকারী প্রতিষ্ঠান, অকশন বিডারদের মালামাল সংগ্রহ ইত্যাদির জন্য নতুনভাবে দ্রুততার সাথে ইন্টারফেস তৈরী করবে।<br>খ) এছাড়াও পাস ইস্যু সংক্রান্ত যে কোন বিষয়ে সমাধানের লক্ষ্যে নিরাপত্তা বিভাগের পাস শাখার তত্ত্বাবধানে থাকা নতুনভাবে স্থাপিত পাস কাউন্টার থেকে প্রয়োজনীয় পাস সংগ্রহ করা যাবে। | ক) নিরাপত্তা বিভাগ।<br>খ) বিদ্যুৎ বিভাগ।<br>গ) DataSoft.<br>ঘ) বায়োমেট্রিক বিডি। |

২। TOS ঃ রাজস্ব আদায় এবং সঠিকভাবে জমা প্রদান নিশ্চিত করতে অন্ততঃ সপ্তাহে একবার মনিটর করবেন এবং প্রতিবেদন প্রদান করবেন। এছাড়াও নিরাপত্তা বিভাগের সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন করবেন।

৩। পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে তাদের গুরুত্বপূর্ণ মতামত/সুপারিশ প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামী ০৯ নভেম্বর ২০২৫ তারিখ থেকে এখনও চালু থাকা সকল পাস কাউন্টার বন্ধ ঘোষণা করা হলো। এ বিষয়ে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। এছাড়া TOS এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিরাপত্তা, পরিবহন, বিদ্যুৎ বিভাগ, Data Soft সিস্টেম বাংলাদেশ এবং বায়োমেট্রিক বিডি লি: এর প্রতিনিধিসহ উপস্থিত সকল প্রতিনিধিদের সম্মিলিতভাবে অপারেশনাল কার্যক্রম দ্রুততর করার লক্ষ্যে TOS এর ব্যবহার নিশ্চিত করতে সার্বিক সহযোগীতা কামনা করে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

স্বা:/
উপ-পরিচালক (নিরাপত্তা)/অপা:
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং- ১৮.১৩.০০০০.১৩২.০৫.০১৩.২১/১২৭৫(ক)

তারিখ ঃ ৩০/১০/২০২৫ইং।